পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

সাধারণ সেবা ও কল্যাণ বিভাগ

স্মারক নং- পসব্যা/প্রকা/প্রশা-৫৪ (অংশ-১)/২০২৪-২০২৫/২১০(১) তারিখ: ২০/০২/২০২৫ খ্রিঃ

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।**

পল্লী সঞ্চয় ব্যাংক মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির জন্য প্রণীত নীতিমালা, ২০২৫ গত ১৩.০২.২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা বোর্ডের ১২৮ তম সভায় অনুমোদন করা হয়।

০২। পরিচালনা বোর্ডের অনুমোদনকৃত অত্র ব্যাংকের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিয় নীতিমালা এতদসংগে সংযুক্ত করা হলো।

০৩। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনানুযায়ী

আপনার বিশ্বস্ত
20/02/2025
(মোঃ আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক

স্মারক নং- পসব্যা/প্রকা/প্রশা-৫৪ (অংশ-১)/২০২৪-২০২৫/ ২১০(১) তারিখ: ২০/০২/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ
১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ।
২।স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ।
৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৫। সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬। প্রোগ্রামার, আইসিটি সিস্টেম বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭। অফিস নথি।

২০/০২/২০২৫
(আবদুল আজিজ বেপারী)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**পল্লী সঞ্চয় ব্যাংক**
**প্রধান কার্যালয়**

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd
**সাধারণ সেবা ও কল্যাণ বিভাগ**

## পল্লী সঞ্চয় ব্যাংকের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।

পল্লী সঞ্চয় ব্যাংকের পুরাতন মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি (ফটোকপিয়ার, ইউপিএস, আইপিএস, ফ্যাক্সমেশিন, পিএবিএক্স, এয়ারকুলার, জেনারেটর, অগ্নিনির্বাপক যন্ত্র, ডুপ্লিকেটিং মেশিন, টাইপরাইটার, ইত্যাদি) ব্যবহার অনুপোযোগী হয়ে গেলে প্রতিস্থাপনের নিমিত্তে সেগুলোকে অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্থাপন মন্ত্রণালয়, পরিবহন শাখা কর্তৃক ১১.০৫.১৯৯৯ খ্রি: তারিখে সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) নং স্মারকমূলে জারীকৃত মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/ পরিদপ্তরের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরন ও নিষ্পত্তির নীতিমালা-এর ৭নং অনুচ্ছেদে বর্নিত নির্দেশনার আলোকে নিম্নরূপে অত্র ব্যাংকের জন্য একটি নীতিমালা প্রণয়ন করা হলো।

২। এই নীতিমালা পল্লী সঞ্চয় ব্যাংক মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা, ২০২৫ নামে অভিহিত হবে।

**৩। ব্যাংকের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলোঃ**

| | | |
|---|---|---|
| ক) | ব্যাংকের মহাব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা | সভাপতি |
| খ) | • মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন প্রকৌশলী/কর্মকর্তা অথবা সরকারী যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা এবং অর্থমন্ত্রণালয়, অর্থবিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (মোটরযান অকেজো ঘোষনাকরণ ও প্রতিস্থাপনের ক্ষেত্রে)/<br>• বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ কিংবা রাষ্ট্রায়ত্ত ব্যাংকের তথ্য প্রযুক্তি বিভাগের একজন বিশেষজ্ঞ প্রতিনিধি (কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষনাকরণ ও প্রতিস্থাপনের ক্ষেত্রে)/<br>• গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) অথবা বিটাক-এর অধিদপ্তরের একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী)/রাষ্ট্রায়ত্ব ব্যাংকের প্রকৌশল বিভাগের একজন বিদ্যুৎ/যন্ত্র' প্রকৌশলী (ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষনাকরণ ও প্রতিস্থাপনের ক্ষেত্রে) | বিশেষজ্ঞ সদস্য |
| গ) | ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা / সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ঘ) | ব্যাংকের বাজেট ও হিসাব বিভাগের একজন কর্মকর্তা | সদস্য |
| ঙ) | ব্যাংকের আইসিটি বিভাগের একজন কর্মকর্তা | সদস্য |
| চ) | ব্যাংকের প্রকৌশল শাখার একজন কর্মকর্তা | সদস্য |
| ছ) | ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের একজন কর্মকর্তা | সদস্য-সচিব |

৪। এই কমিটি প্রয়োজনবোধে এক/একাধিক নতুন সদস্য কোঅপট/সংযোজন করতে পারবে।

৫। উপরোল্লিখিত কমিটির সভায় অকেজো ঘোষিতব্য দ্রব্যাদির প্রকৃতি অনুযায়ী বিশেষজ্ঞ সদস্যগণকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

৬। অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনা পূর্বক কমিটির সভা আহবান করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর অকোজো ঘোষণাকরণ

কমিটির সুপারিশের আলোকে এগুলির উপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারনের জন্য সুপারিশ করতে পারবে।

৭। অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি প্রত্যক্ষ পরিদর্শন করতে পারবে।

৮। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকবেঃ

৮.১ সকল প্রকার মোটরযান, যেমন-কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল ইত্যাদি।

৮.২ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি (কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, সার্ভার ইত্যাদি)

৮.৩ অফিসের ব্যবহৃত যন্ত্রপাতি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, অগ্নিনির্বাপক যন্ত্র, বাই-সাইকেল, জেনারেটর, আইপিএস, পিএবিএক্স, এয়ার কন্ডিশনার ইত্যাদি।

**৯। মোটরযানঃ**

৯.১ মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ

৯.১.১ মেরামত অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান সম্পর্কে ব্যাংকের সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)-এর সংশিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করে মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করবে। এ পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বি.আর.টি. এ ঢাকা-এর নিকট প্রেরণ করবে।

৯.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার অলাভজনক বিবেচিত হলে সে মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ব্যাংকের সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করতে হবে।

৯.১.৩ ব্যাংকের সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ বি.আর.টি.এ-এর প্রতিবেদন প্রাপ্তির পর তা সংযুক্ত করে মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজপত্র সহ) যথাযথ কর্তৃপক্ষের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করবে।

**৯.২ মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়কঃ**

৯.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালান অলাভজনক হয়ে পড়েছে এরূপ মোটরযান।

৯.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ মোটরযান।

৯.২.৩ মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করতে যে সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ মোটরযান।

৯.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ মোটরযান।

৯.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়ে মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ মোটরযান।

**৯.৩ অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

৯.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হবার পর ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে আর্নেষ্টমানি হিসেবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট প্রদান করবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রগুলো পরীক্ষা করে এর সুপারিশ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৯.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

**১০.০ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতিঃ**

**১০.১ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ**

১০.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)/রাষ্ট্রায়ত্ত ব্যাংকের তথ্যপ্রযুক্তি বিভাগের বিশেষজ্ঞ প্রতিনিধি-এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করবে।

১০.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি/রাষ্ট্রায়ত্ত বানিজ্যিক ব্যাংকের তথ্যপ্রযুক্তি বিভাগের একজন বিশেষজ্ঞ প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে উহা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হলে অথবা ব্যবহারের অনুপযোগী হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সে মর্মে প্রতিবেদন প্রদান করবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করবে।

১০.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর প্রয়োজনীয় কাগজপত্র সহ উহা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করবে।

১০.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করবে সে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ৯.১.১, ৯.১.২, ৯.১.৩--এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করে সরাসরি পরবর্তী ৯.৩.১ থেকে ৯.৩.৫ উপ- অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

**১০.২ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়কঃ**

১০.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

১০.২.২ যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুণ যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৩ যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংশ্লিষ্ট মেরামতকারী প্রতিষ্ঠানের নিকট মেরামত অযোগ্য হিসাবে বিবেচিত হয় সে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৪ মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টি সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ কম্পিউটার/কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৫ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে, অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৬ হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হচ্ছেনা এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৭ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর=ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গিয়েছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

**১০.৩ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

১০.৩.১ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করবে।

১০.৩.২ যদি উহা প্রদর্শনযোগ্য হয় তা হলে প্রদর্শনের নিমিত্তে তা কোন সরকারি/আধা- সরকারি/স্বায়ত্বশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর সংরক্ষণ করবে।

১০.৩.৩ দেশের কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত গবেষণা/ শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর সংরক্ষণ করবে।

১০.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

১০.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন অথবা রাষ্ট্রায়াত্ব ব্যাংকের তথ্যপ্রযুক্তি বিভাগের উপযুক্ত প্রতিনিধির প্রতিবেদন হতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নেই তাহলে এরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করতে পারবে।

**১১.০ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতিঃ**

**১১.১ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ**

১১.১.১ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, এয়ার-কন্ডিশনার, জেনারেটর, মানি কাউন্টিং মেশিন, জাল নোট শনাক্তকরণ মেশিন, অগ্নি নির্বাপক যন্ত্র, বাই-সাইকেল ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্তে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর একটি নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করবে।

১১.১.২ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর তাদের ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাপ্রদানের জন্য অভিজ্ঞ কর্মকর্তা/প্রকৌশলী নিয়ে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করে এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এ কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করবে যাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও ধার্য্য থাকবে।

১১.১.৩ উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রধান অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট পেশ করবে। কমিটি কর্তৃক অকেজো ঘোষণা করা হলে সংশ্লিষ্ট বিভাগ তা চূড়ান্ত অনুমোদনের জন্য কর্তৃপক্ষ সমীপে পেশ করবে। অকেজো ঘোষিত যন্ত্রপাতি নিম্নোক্তভাবে বিক্রয় হবেঃ

ক) সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকার কম হলে নোটিশ বোর্ডে বিজ্ঞপতি প্রকাশের মাধ্যমে দরপত্র আহ্বান করতে হবে;

খ) সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকা বা তার বেশি হলে একটি বাংলা এবং একটি ইংরেজী জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করতে হবে;

গ) প্রাপ্ত দরপত্রসমূহ ব্যাংকের সংশ্লিষ্ট কমিটির নিকট পেশ করতে হবে; এবং

ঘ) সংশ্লিষ্ট বিভাগ সংশ্লিষ্ট কমিটির সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য কর্তৃপক্ষ সমীপে পেশ করবে।

**১১.২ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়কঃ**

১১.২.১ ঘন ঘন ত্রুটি দেখা দিচ্ছে এমন সব যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

১১.২.২ যে সকল যন্ত্রপাতি মেরামত করতে গিয়ে উহাদের প্রয়োজনীয় যন্ত্রাংশ পাওয়া যাচ্ছেনা কিংবা যন্ত্রাংশ দুষ্প্রাপ্য সে সকল যন্ত্রপাতি।

১১.২.৩ যে যন্ত্রপাতি সংশ্লিষ্ট মেরামতকারী প্রতিষ্ঠানের নিকট মেরামত অযোগ্য হিসেবে বিবেচিত হয় এরূপ যন্ত্রপাতি।

১১.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি হয়েছে এরূপ যন্ত্রপাতি।

১১.২.৫ যে যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৪ বৎসর=ন্যূনতম ৫ বৎসর) অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গেছে এমন যন্ত্রপাতি।

**১১.৩ অফিসে ব্যবহৃত ঘোষিত অন্যান্য যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

১১.৩.১ অকেজো ঘোষিত যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করতে হবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

১১.৩.২ কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নাই তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর এরূপ অকেজো ঘোষিত যন্ত্রপাতি বিনষ্ট করতে পারবে।

২০/০২/২০২৫
(সালমা বানু)
ব্যবস্থাপনা পরিচালক

২০/০২/২০২৫

পরিশিষ্ট (ক-১)

**মোটরযান অকেজো ঘোষণাকরে মালিকানা কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী।**

১। (ক) রেজি নং........................তারিখ...................... (খ) নির্মাতা.......................................................

(গ) গাড়ির ধরণ..................................................... (ঘ) প্রস্তুতকাল.................................................

(ঙ) চেসিস নং ..................................................... মডেল...........................................................

(চ) ইঞ্জিন নং..................................................... মডেল...........................................................

(ছ) ইঞ্জিনঃ পেট্রোল/ডিজেল................................ (জ) সিলিন্ডারের সংখ্যা...............................

(ঝ) কিলোমিটার প্রতি লিটারে.........................................................................................................

২। (ক) মোট কতদিন বিকল আছে.................................................................................................

(খ) বৈকল্যের কারণসমূহ.................................................................................................................

(১) .................................................................................................................................

(২) .................................................................................................................................

(৩) .................................................................................................................................

(৪) .................................................................................................................................

(৫) .................................................................................................................................

(৬) .................................................................................................................................

(৭) .................................................................................................................................

(৮) .................................................................................................................................

(৯) .................................................................................................................................

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে
..................................................................
..................................................................
..................................................................
..................................................................

(খ) মোটরযানটি নিয়ন্ত্রনকারীঃ
নাম ও পদবী.................................................................
অফিস.........................................................................
ঠিকানা........................................................................
টেলিফোন নং...............................................................

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ.................................................................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং-এর তারিখ রামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণঃ

.............................................................................................................................................
.............................................................................................................................................

৬। মোটরযান মোট কত কিঃমিঃ চলেছে..................................................

(ক) নতুন অবস্থায় কত কিঃমিঃ চলেছে..................................................

(খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং-এর পর কত কিঃমিঃ চলেছে..................................................................

মেরামত খরচ......................................... টাকা

(গ) ইঞ্জিনে দ্বিতীয় ওভারহলিং এর পর কত কিঃমিঃ চলেছে.............................

মেরামত খরচ .........................................টাকা

(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং-এর পর কত কিঃমিঃ চলেছে...............................

মেয়ামত খরচ.........................................টাকা

(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ..................................................................টাকা

(চ) ক্রয়-এর তারিখ হতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ..................................................................................টাকা

৭। মেটিরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য.........................................................

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি?..................................................................................

৯। বর্তমানে মেরামত করতে কত টাকা খরচ হতে পারে..............................................................................................টাকা।

ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ.........................................................................

১০। অকেজো ঘোষণা করবার পক্ষে যুক্তি........................................................................................................
(প্রয়োজনবোধে আলাদাভাবে দেয়া যেতে পারে)...................................................................................

বিবরণ প্রস্তুতকারীর
স্বাক্ষর ও পদবী

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

অফিস প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(নাম, পদবী ও সীল)

পরিশিষ্ট ক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ
সড়ক পরিবহন কর্তৃপক্ষ

পরিদর্শনের তারিখঃ..........................

বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।

রেজিস্ট্রেশন নং..................................তৈরীর সন.....................................গাড়ীর ধরণ...................................................

মোটরযান চালকের নাম........................................................ চেসিস নং..........................................................
ইঞ্জিন নং........................ ইঞ্জিনঃ পেট্রোল/ডিজেল, সিলিন্ডারের সংখ্যা..................................................................
বিকল/চালু, প্রতি লিটারে কত কিঃমিঃ.....................................................................................................................

১। পর্যবেক্ষণঃ.........................................................................................................................................
.....................................................................................................................................................
..........

| ক্রঃ নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমানে অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | কুলিং সিষ্টেমঃ | | | |
| | রেডিয়েটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | ফুয়েল পাম্পঃ | | | |
| | ফুয়েল ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্বোরেটর/এফ, আই. পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইনজেকটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৫ | ইলেকট্রিক্যাল সিস্টেমঃ | | | |
| | ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সেল্ফ স্টার্টার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | অলটারনেটনা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কি ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টেইল ও স্টপ ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেকট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | ইগনিশান সিস্টেমঃ | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | ক্লাচ সিস্টেমঃ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রঃ নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমানে অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.৮ | স্টিয়ারিং সিস্টেমঃ | | | |
| | স্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৯ | ট্রান্সমিশন সিস্টেম | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | সাসপেনশন সিষ্টেমঃ | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | চেসিস ফ্রেমঃ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিষ্টেমঃ | | | |
| | ব্রেক সিষ্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | বিবিধঃ | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইন্ডশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কি ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | | আনুমানিক মূল্যঃ | | |

২। মোটরযানটির আনুমানিক মূল্য ঃ
৩। মেরামত করতে খরচের পরিমাণ ঃ
৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য ঃ
৫। পরিদর্শকের মতামত ঃ

পরিদর্শকের স্বাক্ষর ও সীল।

সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ
(স্বাক্ষর ও অফিস সীল)

পরিশিষ্ট-খ

অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

**অংশ-'ক'**

(মালিকানা সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর পুরণ করবে)
প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাবে।

সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর............................................... প্রতিবেদনের তারিখ:... ..............................................................

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেশিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | |
| রক্ষণাবেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর
তারিখ

সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(নাম, পদবী ও সীল)

অংশ-'খ'

(বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল/রাষ্ট্রায়ত্ব ব্যাংকের তথ্য প্রযুক্তি বিভাগের ব্যবহারের জন্য)
বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি/রাষ্ট্রয়াত্ব ব্যাংকের তথ্যপ্রযুক্তি বিভাগের উপযুক্ত প্রতিনিধি (কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে) নীচের অংশ পূরণ করে স্বাক্ষর করবেন

১। সাধারণ পর্যবেক্ষণ ঃ

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ ঃ

৩। সংরক্ষিত মূল্য ঃ

৪। মন্তব্য ঃ

কারিগরি প্রতিনিধির স্বাক্ষর।

নামঃ

পদবীঃ

তারিখঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর।

নামঃ

পদবীঃ

তারিখঃ

পরিশিষ্ট-গ

সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের নাম ও ঠিকানা

অচল/অকেজো ঘোষণাযোগ্য টাইপরাইটার, ডুপ্লিকেটিং মেশিন, ফটোকপিয়ার, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার ইত্যাদি যন্ত্রাদির তথ্য বিবরণীঃ

প্রতিবেদনের তারিখঃ......................................

১। যন্ত্র/মেশিনের নাম ঃ

২। (ক) মন্ত্র মেশিনের নম্বর ঃ
(খ) মডেলের নম্বর ঃ

৩। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হয়েছে? ঃ

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ ঃ
(রক্ষণাবেক্ষনের ব্যয় উল্লেখ করতে হবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ

৭। অকেজো ঘোষণা করবার পক্ষে যুক্তি ঃ

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল।

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির ঃ
মন্তব্য (বর্তমানে বাজারমূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করতে হবে)

সদস্য
কারিগরি কমিটি

সদস্য
কারিগরি কমিটি

সভাপতি/আহবায়ক
কারিগরি কমিটি

৯। অফিস প্রধানের মতামত ঃ

অফিস প্রধানের
স্বাক্ষর ও সীলমোহর।